

الْبَاقِي

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৯৬ তম নাম ‘الْبَاقِي’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْبَاقِي’ শব্দের মূল ى - ق - ب , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২১ বার এসেছে। বাকি থাকা, অবস্থান করা, অতিরিক্ত, অবশেষ, বাঁচা, অনন্ত, চিরস্থায়ী, শাশ্বত ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْبَاقِي অর্থ: ‘তিনি অবশিষ্ট থাকবেন’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

ফেরাউনের যাদুকরেরা আল্লাহর প্রতি ঈমান আনার পরে বলেছিল:

إِنَّا آمَنَّا بِرَبِّنَا لِيَغْفِرَ لَنَا خَطَايَانَا وَمَا أَكْرَهْتَنَا عَلَيْهِ مِنَ السِّحْرِ وَاللَّهُ خَيْرٌ وَأَبْقَى ﴿٧٣﴾

আমরা আমাদের প্রভুর প্রতি ঈমান এনেছি, যাতে করে তিনি আমাদের ক্ষমা করে দেন আর তুমি আমাদেরকে যে ম্যাজিক দেখাতে বাধ্য করেছো সে অপরাধও। আল্লাহই সর্বোত্তম, এবং চিরস্থায়ী। (সূরা তোয়াহা: আয়াত নং ৭৩)

وَيَبْقَىٰ وَجْهَ رَبِّكَ ذُو الْجَلَالِ وَالْإِكْرَامِ ﴿٢٧﴾

বাকি থাকবে কেবল তোমার মহামর্যাদাবান, সম্মানিত প্রভুর মুখমণ্ডল (সত্তা)। (সূরা আর রহমান: আয়াত নং ২৭)

মুসলিম শরীফের হাদীস:

নূর আল্লাহর আবরণ-পর্দা, যদি তিনি এই পর্দা সরিয়ে দেন, তবে তাঁর মুখমণ্ডলের উজ্জলতা ও দ্যুতি তাঁর দৃষ্টি সীমার মধ্যে সমস্ত সৃষ্টিকে জ্বালিয়ে দিবে।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! পৃথিবীর সমস্ত সৃষ্টি ধ্বংস হয়ে যাবে, বাকি থাকবে শুধু আল্লাহ তা’আলা। এবং তিনি মানুষ ও জিনকে আবার সৃষ্টি করে বিচারের সম্মুখীন করবেন। ভালো কাজের উত্তম পুরস্কার দান

করবেন, খারাপ কাজের শাস্তি হবে জাহান্নামের আগুন। হে আল্লাহ, জাহান্নামের আগুন থেকে আমাদেরকে বাঁচাও। তোমার রহমত দ্বারা আমাদের হিসাব সহজ করে দাও। দুনিয়ায় আমাদেরকে সাহায্য করো, যাতে আমরা শিরকমুক্ত হয়ে সঠিক পদ্ধতিতে তোমার ইবাদত ও সৎকাজ করে তোমার সন্তুষ্টি অর্জন করতে পারি।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুলাহি ওয়াবাকাতুহ।